# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
## কোম্পানি সচিবালয়
## বোর্ড উপবিভাগ
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০৬১.০১.০০১.২৩/৯৯২, তারিখ: ১২ ডিসেম্বর, ২০২৩

বিষয় : নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
তারিখ ও সময় : ২৫ নভেম্বর ২০২৩, বিকাল ২.৩০ মিনিট
সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | এডিপি-এর অর্থায়নে কয়েকটি কূপ খনন প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র ২ কূপ নিয়ে ১টি প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে। এ সম্পর্কে ব্যবস্থাপনা পরিচালক হালনাগাদ অগ্রগতি জানতে চাইলে তিনি জানান যে, Cost Estimate প্রণয়নের কাজ চলমান আছে এবং সংশ্লিষ্ট বিভাগসমূহ কর্তৃক প্রাথমিকভাবে ব্যয় প্রাক্কলন (Cost Estimate) করা হয়েছে এবং পূর্ণাঙ্গভাবে ব্যয় নিরূপণের পর Cost Estimate Report একত্রে দাখিল করা হবে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ব্যয় প্রাক্কলনের ক্ষেত্রে সম্প্রতি অনুমোদিত প্রকল্পের ব্যয়কে ভিত্তি হিসেবে ধরে সেগুলোর বিস্তারিত তথ্য উপস্থাপন করার নির্দেশ দেন। তিনি ব্যয় প্রাক্কলনের ক্ষেত্রে Cost এর Basis স্পষ্ট করা এবং উল্লিখিত Reference এর Base মূল্য ও শতকরা কত ভাগ হ্রাস-বৃদ্ধি করে ব্যয় প্রাক্কলন করা হয়েছে সেটি বিস্তারিত ভাবে উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। কূপ খননের ক্ষেত্রে বিভিন্ন স্টেশনারি মালামাল, ফিল্ড মেসিংসহ সকল আইটেম এর Basis সুস্পষ্টভাবে উল্লেখ করার পরামর্শ দেন এবং ১৫ ডিসেম্বরের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া বেগমগঞ্জ-৫ ও ৬ কূপের লোকেশন প্রদানের লক্ষ্যে কমিটিকে সরেজমিনে পরিদর্শনে যাওয়ার পরামর্শ প্রদান করেন। Technical Team বর্তমানে India-তে অবস্থান করায় Technical বিষয়টি পরবর্তীতে উপস্থাপন/ আলোচনা করার পরামর্শ প্রদান করেন।<br><br>মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জকিগঞ্জ-২ খনন প্রকল্পের অগ্রগতি প্রসঙ্গে জানান যে, উক্ত কূপ খনন সংক্রান্ত ব্যয় প্রাক্কলন প্রতিবেদন প্লানিং এন্ড আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে। জকিগঞ্জ-২ এর DPP প্রণয়নকরে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হবে। তিনি আরো জানান যে, ভোলা জেলার ৫টি কূপ খনন বিষয়ে IIFC এর সাথে সম্ভাব্যতা যাচাই চুক্তি সম্পন্ন হয়েছে।<br><br>জকিগঞ্জ এলাকায় ৩ডি সাইসমিক কার্যক্রমের অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক ৩ডি জানান যে, বর্ণিত এলাকায় সাইসমিক কার্যক্রম সম্পন্ন ও উপাত্ত সংগ্রহ শেষে উপাত্ত প্রক্রিয়াকরণ কাজ চলমান আছে যা দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। উপাত্ত বিশ্লেষণের কাজ মেসার্স হেলিবার্টন পেয়েছে। তাদের সাথে চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে। | (ক) বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র ২ কূপের ব্যয় প্রাক্কলন করে ১৫ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে দাখিল করতে হবে।<br>(খ) অসম্পন্নকাজসমূহ দ্রুত সম্পন্ন করে জকিগঞ্জ-২ কূপের DPP প্রণয়নকরতঃ পরবর্তী বোর্ডসভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(গ) IIFC এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(ঘ) জকিগঞ্জ এলাকার সাইসমিক জরিপের উপাত্ত বিশ্লেষণের কাজ সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ<br>৩। প্রকল্প পরিচালক (৩ডি সাইসমিক)<br>৪। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহ্বায়ক, ব্যয় প্রাক্কলন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ভোলা নর্থ-এর প্রসেস প্লান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য উক্ত প্রকল্পের DPP অর্থমন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। অতঃপর গত ২২ অক্টোবর ২০২৩ বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সময় ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়েছে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক প্রকৌ. শাহ মোঃ সিরাজুস সালেকিন জানান যে, লিকুইডিটি সার্টিফিকেট ইতোমধ্যে পাওয়া গেছে এবং তা ডিপিপিতে সংযুক্ত করে পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে পাঠানো হবে। | (ক) কার্যক্রম ত্বরান্বিত করতে মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(খ) লিকুইডিটি সার্টিফিকেট ডিপিপিতে সংযুক্ত করে পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্লান্ট) |
| ৩ | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভায় জানান যে, ভোলা ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের অকেজো মালামালের তালিকা প্রস্তুতির কাজ সম্পন্ন হয়েছে এবং রুপগঞ্জ, ফেঞ্চুগঞ্জ ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের অকেজো মালামালের তালিকা প্রস্তুতির কাজ চলমান আছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক দ্রুত সময়ের মধ্যে অকেজো মালামালের তালিকা প্রস্তুতির কাজ সম্পন্ন করে ১৫ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে একটি প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন। | কমিটি অকেজো মালামালের তালিকা প্রস্তুতির কাজ সম্পন্ন করে ১৫ ডিসেম্বর এর মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও আহবায়ক এবং উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও সদস্য-সচিব, অকেজো ঘোষণা কমিটি |
| ৪ | ১টি Drilling Rig (1500-2000 Horse Power) ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন ১টি রিগ ক্রয়ের লক্ষ্যে বিগত ২৪-০৮-২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের ৪৭১তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, বাপেক্সের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২০০০ হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন এবং হাই প্রেসার নিয়ন্ত্রণ উপযোগী এসি-এসি ভিএফডি নতুন ১টি মানসম্মত, আধুনিক খনন রিগ ক্রয়ের লক্ষ্যে ইউরোপ/ যুক্তরাষ্ট্র ভিত্তিক ন্যূনতম ০৩টি কোম্পানির নিকট হতে বাজেটরি দর সংগ্রহ করে প্রাক্কলন প্রস্তুতকরত: ৪৭৪তম পর্ষদ সভায় ডিপিপি উপস্থাপন করা হলে তা অনুমোদন করা হয়। | ডিপিপি দ্রুত পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৫ | Deep Drilling কার্যক্রম গ্রহণ | মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, মোবারকপুর ডিপ-০১, ফেঞ্চুগঞ্জ সাউথ-০১ এবং শ্রীকাইল ডিপ-০১ কূপের Cost Estimate IIFC-তে প্রেরণ করা হয়েছে। Feasibility Study সম্পাদনের পর DPP প্রণয়ন করা হবে। তাঁর নেতৃত্বে মাঠপর্যায়ে গত ২১-০৭-২০২৩ তারিখে শ্রীকাইল ডিপ #১ এবং ২৭-০৭-২০২৩ তারিখে মোবারকপুর ডিপ #১ এর লোকেশন সরেজমিনে প্রদান করা হয়েছে। বাপেক্স কর্তৃক প্রস্তাবিত ২টি গভীর অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১ এবং মোবারকপুর ডিপ-১) খননের কাজ আউট সোর্সিং এর মাধ্যমে করার লক্ষ্যে বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য Expression of Interest (EOI) আহ্বানের বিপরীতে ০৭টি প্রতিষ্ঠান হতে চাহিদাকৃত পরামর্শক সেবা প্রদানের আগ্রহ পত্র পাওয়া যায়। আগ্রহপত্রসমূহের মূল্যায়নে ৫টি প্রতিষ্ঠান উত্তীর্ণ হয় এবং তাদের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে ৩১-০৭-২০২৩ তারিখে মূল্যায়ন প্রতিবেদন এবং সার্বিক বিষয়াদি ও খনন ঝুঁকি বিবেচনাকরতঃ ১৭-০৮-২০২৩ তারিখে ব্যয় প্রাক্কলনের একটি প্রতিবেদন দাখিল করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মোবারকপুর ডিপ-০১, ফেঞ্চুগঞ্জ সাউথ-০১ এবং শ্রীকাইল ডিপ-০১ কূপের ব্যয় প্রাক্কলন বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (রসায়ন) জনাব শ্যামল কুমার বালো বলেন যে, মোবারকপুর ডিপ-০১, ফেঞ্চুগঞ্জ সাউথ-০১ এবং শ্রীকাইল ডিপ-০১ অর্থাৎ ০৩টি কূপের প্রাক্কলিত ব্যয় ১৪২৬ কোটি টাকা। রিস্ক ফ্যাক্টর উল্লেখসহ মেটারিয়াল এবং সার্ভিসের দাম জানা না থাকায় বিজিএফসিএল এর সাথে পার্থক্য হয়েছে। আলোচনার এ | ১। বিজিএফসিএল ন্যায় ব্যয় প্রাক্কলন করে সে অনুযায়ী ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২। Feasibility Study সম্পাদনের পর DPP প্রস্তুতকরতঃ পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৪। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ড. মোঃ আশিক হোসেন পেট্রোবাংলায় এ সংক্রান্তে অনুষ্ঠিত সভার কথা উল্লেখ করেন এবং সভার নির্দেশনা অনুযায়ী আইটেম ভিত্তিক ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা যায় বলে মতামত প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক বিজিএফসিএল ন্যায় ব্যয় প্রাক্কলন করার পরামর্শ প্রদান করেন এবং সে অনুযায়ী ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ দেন। | | |
| ৬ | অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান যে, ইতোমধ্যে ৪৬টি অডিট আপত্তির জবাব প্রদান করা হয়েছে এবং একটি কার্যপত্র প্রস্তুতির কাজ চলমান আছে। একটি কমিটির মাধ্যমে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে এবং দ্বিপক্ষীয় সভা আয়োজন করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তির জবাব দেওয়ার জন্য মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব), মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) এবং মহাব্যবস্থাপক (প্রকৌশল)-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি কমিটিকে ব্রডশিট দেখে এবং সুনির্দিষ্ট করে অডিট আপত্তির জবাব দেওয়ার নির্দেশ দেন। তিনি অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য পরামর্শ প্রদান করেন।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব দ্রুততম সময়ের মধ্যে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা বেশি করে আয়োজনের প্রস্তাব প্রদান করেন। | (ক) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিরীক্ষা উপবিভাগ প্রয়োজনীয়তার নিরীখে হিসাব ও অর্থ বিভাগ/ অফিসার্স এ্যাসোসিয়েশন/ সিবিএ/ সংশ্লিষ্ট বিভাগ/ উপবিভাগের সহযোগিতা গ্রহণ করবে।<br>(খ) অডিট আপত্তির জবাব দেওয়ার জন্য মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব), মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) এবং মহাব্যবস্থাপক (প্রকৌশল)-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৭ | হালদা কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জানান যে, এতদসংক্রান্ত কমিটির আহবায়কসহ কমিটির ০২ জন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ০১ জন কর্মকর্তার সমন্বয়ে একটি টিম গত ০৭ আগষ্ট, ২০২৩ তারিখে হালদা-১ কূপ এলাকা পরিদর্শন করে এবং ওয়ার্কওভার কার্যক্রমে প্রয়োজনীয় মালামাল ও জমি অধিগ্রহণ সংক্রান্ত তথ্য সম্বলিত একটি প্রতিবেদন দাখিল করে। এছাড়া হালদা-১ ওয়ার্কওভার সংক্রান্ত কমিটি হালদা কূপ সম্পর্কিত বিদ্যমান তথ্য-উপাত্ত (সাইসমিক, খনন, মাডলগ, গ্যাসের উপস্থিতি, লগ ডাটা এবং অন্যান্য আহরিত তথ্যাদি) বিশ্লেষণ করে বাণিজ্যিকভাবে তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাব্যতা পর্যালোচনা ও মূল্যায়নকরতঃ সুপারিশসহ একটি প্রতিবেদন প্রস্তুত করে গত ১৪-০৮-২০২৩ তারিখে যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করে। সংশ্লিষ্ট বিভাগসমূহ তাদের কাজের জন্য প্রয়োজনীয় ব্যয়/খরচের হিসাব মহাব্যবস্থাপক (খনন) বরাবরে দাখিল করলে ওয়ার্কওভার কাজের ব্যয়ের চূড়ান্ত প্রাক্কলন সম্পন্ন করা সম্ভব হবে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব হালদা কূপে ওর্য়াকওভার কাজের সার্বিক অগ্রগতি তুলে ধরার জন্য উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ)-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করলে তিনি জানান যে, ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে এবং পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। ক্যারাভ্যান স্থাপন যেহেতু সময়সাপেক্ষ ব্যাপার সেহেতু সিভিল কাজ কমানোর লক্ষ্যে বাসা ভাড়া নেওয়া যায় কিনা সে বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ভূমি মালিকের সাথে ভূমি সংক্রান্ত জটিলতার বিষয়টি নিষ্পত্তি এবং ওয়ার্কওভার সংশ্লিষ্ট কার্যক্রম চলমান রাখার জন্য মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি), মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং মহাব্যবস্থাপক (ভূপদার্থ)-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটি শীঘ্রই প্রতিবেদন দাখিল করবে। | ক) ভূমি সংক্রান্ত বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>খ) হালদা-১ কূপে ওয়ার্কওভার কাজ সম্পন্নের জন্য প্রয়োজনীয় পরিমাণ জমি অধিগ্রহণ করতে হবে।<br>গ) পরিবেশ অধিদপ্তর হতে প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | APA সংক্রান্ত কার্যক্রম | উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও ফোকাল পয়েন্ট সভায় জানান যে, জুলাই, ২০২৩ পর্যন্ত APA সমুদয় অর্জন সন্তোষজনক। APA এর লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণকসহ প্রতিবেদন যথানিয়মে আপলোড করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, গতবার APA-তে কম নম্বর পাওয়ার জন্য যে সকল কর্মকর্তা দায়িত্ব অবহেলার জন্য দায়ী তাদের খুঁজে বের করতে হবে এবং যে সব ভুলের জন্য নম্বর কম এসেছে সেই ভুলগুলি সনাক্ত করতে হবে। ভুল থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতে যেন ভাল নম্বর পাওয়া যায় সেজন্য আন্তরিকতার সাথে কাজ করার পরামর্শ প্রদান করেন।<br>তিনি আরো বলেন যে, APA সংশ্লিষ্ট যাদের জন্য মার্ক কম পাওয়া গেছে তাদের নিয়ে পরবর্তীতে সভা আয়োজন করতে হবে এবং APA টিম এর সকল সদস্যদের নিয়েও সভা করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক তাঁর উপস্থিতিতে প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার APA-এর অগ্রগতি সংক্রান্ত সভা আয়োজন করতে সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন। | ১। প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার APA-এর অগ্রগতি বিষয়ক সভার আয়োজন করতে হবে।<br>২। APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি |
| ৯ | বাপেক্স ভবন ও কোম্পানির কেপিআই স্থাপনাসমূহের নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তা জোড়দার করা আবশ্যক। কোন প্রকল্প/স্থাপনায় যাতে বহিরাগত/অপ্রত্যাশিত কেউ প্রবেশ করতে না পারে সেটা দায়িত্বরত নিরাপত্তাপ্রহরী ও আনসারদের মাধ্যমে তা নিশ্চিত করতে হবে। তিনি আরো বলেন IT Based Security System যে কোন প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদারকরণের পাশাপাশি প্রতিষ্ঠানের ভাবমূর্তি উজ্জ্বল করে। যে সব প্রতিষ্ঠানের নিজস্ব ভবন রয়েছে সেসব প্রতিষ্ঠানে Biometric Security System স্থাপন করার বিষয়ে সরকারি নির্দেশনা রয়েছে। তাই জরুরি ভিত্তিতে পেট্রোবাংলার আদলে Biometric Security System স্থাপন করার নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, Biometric Security System স্থাপন কাজে অভিজ্ঞ এমন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হয়েছে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে Design/Layout পাওয়া গেলে সকল মহাব্যবস্থাপকদের নিয়ে চূড়ান্ত করা হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, Biometric Security System স্থাপনের জন্য প্রায় ১৮ থেকে ২০ লক্ষ টাকা প্রয়োজন। তাই পরবর্তী সংশোধিত বাজেটে বরাদ্দ নিয়ে এটি বাস্তবায়ন করতে হবে । এছাড়া তিনি সিসি ক্যামেরার মাধ্যমে গেইট তদারকির নির্দেশনা প্রদান করেন।<br>মহাব্যবস্থাপক (খনন) জানান যে, মাধবপুর রিগ বেইজ-এ সিসি ক্যামেরা নেই এবং নিরাপত্তা বেষ্টনি ভেঙে গিয়েছে এবং সেখানে নিরস্ত্র আনসার নেই। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নিরাপত্তার বিষয়ে দ্রুত পদক্ষেপ নেয়ার নির্দেশনা প্রদান করেন। | ক) পরবর্তী সংশোধিত বাজেটে Biometric Security System স্থাপনের জন্য অর্থের সংস্থান রাখতে হবে।<br>খ) মাধবপুর রিগ বেইজ-এ নিরাপত্তার ব্যাপারে দ্রুত পদক্ষেপ নিতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)<br>৩। মহাব্যবস্থাপক (খনন) |
| ১০ | পিআরএল-এ গমনকালে ছুটি নগদায়ন এর অর্থ কর্তন না করা | এ প্রসংগে মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, বাপেক্স এর বোর্ড সভায় বিষয়টি উপস্থাপন করা হলে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেঃ<br>"বাপেক্স কর্মচারী 'সাধারণ ভবিষ্য তহবিল ও পেনশন বিধিমালা-২০১৪ (সংশোধিত-২০১৬)' কোম্পানিতে প্রবর্তনের পূর্বে গ্র্যাচুইটি সুবিধার আওতায় গৃহীত ছুটি নগদায়নের অর্থ কোম্পানিতে জমা/আদায়পূর্বক পিআরএল এ গমনের অব্যবহিত পূর্বের মূল বেতনের ভিত্তিতে ছুটি পাওনা সাপেক্ষে অনধিক ১৮ মাসের ছুটি নগদায়নের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক পর্ষদ সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হলো।" | অর্থ মন্ত্রণালয়ের মতামত গ্রহণের জন্য দ্রুততম সময়ের মধ্যে পেট্রোবাংলা হতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)<br>৩। উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, দ্রুততম সময়ের মধ্যে পেট্রোবাংলা হতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক (সংস্থাপন)-কে নির্দেশনা প্রদান করেন।<br>মহাব্যবস্থাপক (ভূতাত্ত্বিক) জনাব মোঃ আলমগীর হোসেন এ বিষয়ে কোন দৃশ্যমান অগ্রগতি নেই বলে সভাকে অবহিত করলে ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)-কে বিষয়টি মনিটরিং করার নির্দেশ প্রদান করেন। | | |
| ১১ | জকিগঞ্জ-০১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) সভায় অবহিত করেন যে, জকিগঞ্জ-১ কূপটির ওয়ার্কওভার সম্পন্নকরণের জন্য গত ১৯-০৮-২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের ৪৭০তম বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে তা নীতিগতভাবে অনুমোদিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>"(ক) বাপেক্স-এর নিজ জনবল কর্তৃক নিজস্ব রিগ ব্যবহার করে জকিগঞ্জ-১ কূপের ওয়ার্ক-ওভার করার লক্ষ্যে বিভিন্ন খনন প্রকল্পের উদ্বৃত্ত মালামাল, চট্টগ্রামস্থ কেন্দ্রীয় ভান্ডার এবং জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের নিজস্ব ভাণ্ডারে মজুদ কেমিক্যালস, কমপ্লিশন মালামালসহ অন্যান্য মালামাল ব্যবহার এবং স্লিকলাইন অপারেশন এবং ওয়্যারলাইন লগিং অপারেশনের ক্ষেত্রে ৩য়ক্ষীয়বা ভাড়ায় গ্রহণের অনুমোদন প্রদান করা হলো।<br>(খ) তৃতীয় পক্ষীয় সেবা ভাড়ায় গ্রহণসহ অন্যান্য খাতে প্রাক্কলিত ৯৭৫.০০ (নয়শত পঁচাত্তর) লক্ষ টাকা একটি যথাযথ কমিটির মাধ্যমে যাচাই পূর্বক পুনঃনির্ধারিত/পুনঃপ্রাক্কলিত অর্থ বাপেক্স-এর রাজস্বখাত হতে নির্বাহের প্রশাসনিক ও আর্থিক অনুমোদন প্রদান করা হলো।"<br>তিনি সভায় আরো বলেন যে, জকিগঞ্জ-১ ওয়ার্কওভার কূপে Slick Line ও Testing Service প্রদানের জন্য প্রস্তুতি চলমান রয়েছে। ওয়্যারলাইন লগিং সার্ভিস প্রদানের জন্য গত ২৪-০৮-২০২৩ তারিখে দৈনিক পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>জকিগঞ্জ-১ কূপের ওয়ার্কওভারের জন্য প্রয়োজনীয় Completion Chemical (Calcium Bromide) ক্রয়পূর্বক জকিগঞ্জ-১ কূপ ভান্ডারে সংরক্ষিত আছে। প্রয়োজনীয় অন্যান্য কেমিক্যালের ক্রয় প্রক্রিয়া চলমান আছে। বর্তমানে বাপেক্স ভান্ডার থেকে কেমিক্যাল প্রদান করে ওয়ার্কওভার কাজটি সম্পন্ন করা যাবে।<br>কেটিএল-২ ওয়ার্কওভার কাজ শেষে উক্ত প্রকল্প হতে BJ Cementing Unit হবিগঞ্জ-১ ওয়ার্কওভার প্রকল্পে ব্যবহার করা হবে। জকিগঞ্জ-১ প্রকল্পে বাপেক্স-এর জনবল ব্যবহার করা হবে। সিমেন্ট ও এডিটিভস যদি প্রয়োজন হয় তবে বাপেক্স ভান্ডার হতে প্রদান করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, কেটিএল-২ ওয়ার্কওভার কাজ শেষ হওয়ার সাথে সাথেই যেন জকিগঞ্জ-১ প্রকল্পের কাজ শুরু করা যায় সেজন্য অন্যান্য কাজগুলো সম্পন্ন করে প্রস্তুত থাকার জন্য মহাব্যবস্থাপক (খনন)-কে পরামর্শ প্রদান করেন।<br>ড্রিলিং সুপারিনটেনডেন্ট ও প্রকল্প পরিচালক জনাব প্রিন্স মোঃ আল হেলাল জানান যে, জকিগঞ্জ থেকে KTL এলাকাটি ৭০-৭২ কিলোমিটার দূরে অবস্থিত। হরতাল/ অবরোধ থাকায় ঝুঁকি বিবেচনায় দেরিতে কাজ শুরু করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | ১। কেটিএল-২ ওয়ার্কওভার কাজ শেষে জকিগঞ্জ-১ প্রকল্পের কাজ শুরুর লক্ষ্যে সংশ্লিষ্ট অন্যান্য কাজসমূহ সম্পন্ন করে প্রস্তুত থাকতে হবে।<br>৩। M/. Schlumberger Seaco Inc. এর সাথে সম্পাদিত চুক্তি এর বিপরীতে Performance Guarantee (PG) এর মেয়াদ ৩১-১২-২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করার ব্যবস্থা করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২।মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৩। উপমহাব্যবস্থাপক (রসায়ন), মাড-ইঞ্জিনিয়ারিং উপবিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনার এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (রসায়ন) জনাব শ্যামল কুমার বালো জানান যে, কর্তৃপক্ষীয় পরিকল্পনা মোতাবেক বিজয়-০৮ রিগ দ্বারা কৈলাশটিলা-০৮ কূপ খনন সমাপ্ত হওয়ার পর জকিগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার করার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। জকিগঞ্জ-১ অনুসন্ধান খনন কূপের ওয়ার্কওভার কাজের জন্য Completion Chemicals (Calcium Bromide) with Completion Fluid Services ক্রয়ের লক্ষ্যে M/S. Schlumberger Seaco Inc. এর সাথে সম্পাদিত চুক্তি নং- BAPEX/ADMIN/1831, Dated: 19-06-2022 এর লট-২ এর বিপরীতে সার্ভিস গ্রহণার্থে সরবরাহকারীর দাখিলকৃত Performance Guarantee (PG) এর মেয়াদ পরবর্তী ১ (এক) বছর অর্থাৎ ৩১-১২-২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। তিনি মেয়াদ বৃদ্ধির ইচ্ছাপ্রকাশ করলে ব্যবস্থাপনা পরিচালক এক বছর মেয়াদ বৃদ্ধি করার বিষয়ে সম্মতি প্রকাশ করেন। | | |
| ১২ | বিবিধ: | ১। বাপেক্স কর্তৃক কি কি সেবা প্রদান করা হয় বা হচ্ছে/দৈনন্দিন কর্মকান্ড পেট্রোবাংলার অনুরূপ ডিজিটাল বোর্ডের মাধ্যমে আবশ্যিকভাবে প্রদর্শন করেতে হবে এবং সবার কাছে দৃশ্যমান এমন স্থান নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>২। কোম্পানি/ প্রতিষ্ঠানের আন্তঃবিভাগীয় সেবা প্রদান সংক্রান্ত তথ্য রেজিস্টার খাতায় রেকর্ড করতে হবে এবং মাস শেষে ফটোকপি এপিএ কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো।<br>৩। জমি ক্রয়/গৃহ নির্মাণ/গৃহ নির্মাণ সম্প্রসারণ/ ফ্ল্যাট ক্রয় খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে কমিটি মূল দলিলাদি দাখিলের বিষয়টি নিশ্চিত করবে এবং ঋণগ্রহীতার নিকট হতে এ মর্মে অপ্রত্যাহারযোগ্য রেজিস্টার্ড আমমোক্তারনামা নিতে হবে যে, তিনি চাকুরিচ্যুত হলে/স্বেচ্ছায় পদত্যাগ করলে/অবসর গ্রহণ করলে বা ঋণের শর্তানুযায়ী কিস্তি প্রদান/ঋণ সমন্বয়ে ব্যর্থ হলে কোম্পানি ঋণগ্রহীতার বন্ধকী সম্পত্তি বিক্রয় করে বকেয়া আদায় বা সমন্বয় করতে পারবে।<br>৪। বাপেক্সের উচ্চ আদালত ও নিম্ন আদালতে বিচারধীন মামলাসমূহের মধ্যে যে সব মামলার Merit নেই, সেই মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>৫। মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপকগণের আর্থিক ক্ষমতা (Financial Power) বাড়ানোর জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। বিষয়টি বোর্ডে উপস্থাপন করতে হবে।<br>৬। পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানির জন্য অভিন্ন নিয়োগের নীতিমালা প্রণয়নের কাজ চলমান আছে । এ ব্যাপারে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। কোম্পানি/ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা/সেবাসমূহ প্রদর্শনের জন্য পেট্রোবাংলার আদলে একটি ডিজিটাল বোর্ড স্থাপন করতে হবে।<br>২। কোম্পানি/ প্রতিষ্ঠানের আন্তঃবিভাগীয় সেবা প্রদান সংক্রান্ত তথ্য রেজিস্টার খাতায় রেকর্ড করতে হবে এবং মাস শেষে রেজিস্টার খাতার ফটোকপি এপিএ কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।<br>৩। জমি ক্রয়/গৃহনির্মাণ/গৃহনির্মাণ সম্প্রসারণ/ ফ্ল্যাট ক্রয় খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে মূল দলিলাদি এবং অপ্রত্যাহারযোগ্য রেজিস্টার্ড আমমোক্তারনামা গ্রহণ সাপেক্ষে ঋণ প্রদান করতে হবে।<br>৪। Merit-বিহীন মামলাগুলো নিষ্পত্তি করে বাপেক্সের মামলার সংখ্যা কমিয়ে আনতে হবে।<br>৫।মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপকগণের আর্থিক ক্ষমতা (Financial Power) বাড়াতে হবে।<br>৬। পেট্রোবাংলার সকল কোম্পানির জন্য অভিন্ন নিয়োগ নীতিমালার বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৭। এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন ভাতা নিয়ে অডিট আপত্তি আছে বলে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব জানান। ব্যবস্থাপক (নিরীক্ষা) জনাব মোঃ ওমর পারভেজ জানান যে, নিরীক্ষা আপত্তির জবাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব Officer's Wellfare Association এবং সিবিএকে এ কাজে যুক্ত করার পরামর্শ দিলে ব্যবস্থাপনা পরিচালক তাতে সম্মতি প্রদান করেন। | ৭। এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন ভাতা নিয়ে অডিট আপত্তি নিষ্পত্তির কাজে অফিসার্স এসোসিয়েশন এবং সিবিএকে এ কাজে সংযুক্ত করতে হবে। | |

আর কোন আলোচনা না থাকায় সকলের নিরাপদ ও সুস্থ্য জীবন কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব ১২/১২/২০২৩
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:
১) মহাব্যবস্থাপক........................................ বাপেক্স, ঢাকা।
২) উপমহাব্যবস্থাপক........................................ বাপেক্স, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান ........................................ বাপেক্স, ঢাকা।
৪) ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, বাপেক্স, ঢাকা।
৫) দপ্তর কপি।